দৈনিক বাংলা

তারিখ 14/12/78
পৃষ্ঠা 4 কলাম 2

# নেপালে বেতার যোগে প্রাথমিক শিক্ষকদের প্রশিক্ষণ

কাঠমন্ডু, ১৩ই ডিসেম্বর (বাসস)।—বেতার অনুষ্ঠানের মাধ্যমে প্রাথমিক শিক্ষকদের প্রশিক্ষণ দান সম্পর্কে এক কর্মসূচীর ওপর কাজ শুরু হয়েছে। ১৯৮০ সালের প্রথম ভাগে এ কর্মসূচীর অধীনে পরীক্ষামূলক ভাবে বেতার অনুষ্ঠান শুরু হবে।

কর্মসূচীর প্রথম পর্যায়ে ১৮ মাস ধরে চলবে।

এ পর্যায়ে সরঞ্জাম সংগ্রহ ও অন্যান্য সুবিধা দেয়া হবে এবং শিক্ষাদান সংক্রান্ত ম্যানুয়েল তৈরী করা হবে। এছাড়া একটি মূল্যায়নের ব্যবস্থা উদ্ভাবন করা হবে।

দ্বিতীয় পর্যায়ের মেয়াদ হবে এক বছর। এ পর্যায়ে একশ শিক্ষকের একটি দলের জন্য পরীক্ষামূলক অনুষ্ঠান প্রচার করা হবে।

পরীক্ষামূলক অনুষ্ঠান প্রচারের পূর্বে নির্ধারিত শিক্ষকদের এক সপ্তাহ মুদ্রিত বিষয়, বেতার ও অন্যান্য সরঞ্জামের সঙ্গে পরিচয় ঘটানো হবে তার পর তাঁরা প্রত্যহ বেতার অনুষ্ঠান শ্রবণ ও সংশ্লিষ্ট বিষয় পাঠ করার জন্য স্ব স্ব কর্মস্থলে যাবেন। এ সময়ে সরেজমিনে তত্ত্বাবধায়করা নিয়মিত শিক্ষকদের সাথে সাক্ষাৎ করবেন এবং প্রতি মাসে একসঙ্গে অধ্যয়নের জন্য প্রশিক্ষণ কেন্দ্রে মিলিত হবেন।

তৃতীয় পর্যায়ে আরও দু' হাজার শিক্ষকের মধ্যে উল্লিখিত অনুষ্ঠানসূচী প্রচার করা হবে। পরে প্রকল্পটি একটি দেশব্যাপী ব্যবস্থা হিসেবে সম্প্রসারিত হবে।

নেপাল শিক্ষা ইন্সটিটিউট ও রেডিও নেপাল এ কর্মসূচীতে সহযোগিতা করবে। যুক্তরাষ্ট্র ২৪শ রেডিও সেট, ১শ কিলোয়াট ট্রান্সমিটার ও ১৯৭৯ সাল হতে ৩ বছর কারিগরি সাহায্য দেবে।